নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের পিতামাতাদের অভিযোগ ও নিষ্পত্তি প্রক্রিয়া

সন্তানের শিক্ষায় ব্যাঘাত সৃষ্টিকারী বিষয়গুলোর বিরুদ্ধে পিতামাতাদের অভিযোগ করার অধিকার রয়েছে। নো চাইল্ড লেফট বিহাইন্ড আইনের আওতায় পরিচালিত টাইটেল ১ ও ২ পার্ট 'এ' এবং 'ডি' এবং টাইটেল ৩ ও টাইটেল ৪ পার্ট 'এ' কর্মসূচিসমূহে নিয়মভঙ্গের বিরুদ্ধে পিতামাতা, শিক্ষক এবং অন্যান্য আগ্রহী পক্ষ অভিযোগ দায়ের করতে পারেন। এ ধরনের অভিযোগ দায়ের করার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) পদ্ধতির ব্যাখ্যা নিচে দেয়া হলো।

আপনার সন্তানের শিক্ষা সম্পর্কে কীভাবে অনানুষ্ঠানিক অভিযোগ জানাতে হবে:

১. সন্তানের স্কুল সম্পর্কে যদি আপনার কোন অভিযোগ থাকে, আমরা আপনাকে উক্ত সন্তানের শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল কিংবা প্রিন্সিপ্যালের সাথে কথা বলতে উৎসাহিত করছি। স্কুলের প্যারেন্টস্ কোঅর্ডিনেটরও এধরনের সমস্যা সমাধানে আপনাকে সহায়তা দিতে পারেন। সবচেয়ে ভালো হয় সন্তানের স্কুলের কাউকে যতশীঘ্র সম্ভব আপনার অভিযোগ সম্পর্কে জানানো যাতে উপযুক্ত স্কুলকর্মী সময়মতো সমস্যাটি সমাধানের জন্য ভূমিকা রাখতে পারেন।

২. যদি স্কুলটির প্রিন্সিপ্যাল বা অন্যান্য কর্মীরা অভিযোগের সমাধান দিতে ব্যর্থ হন, কিংবা আপনি যদি ডিপার্টমেন্ট অব এডুকেশনে প্রথামাফিক একটি অভিযোগ জমা দিতে আগ্রহী হন, অনুগ্রহ করে নিচের প্রক্রিয়াটি অনুসরণ করুন। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে, উক্ত ছেলেমেয়ে যদি কোন প্রতিবন্ধী শিক্ষার্থী হয়ে থাকে এবং সমাধান করা হয়নি এমন কোন স্পেশাল এডুকেশন সংক্রান্ত সমস্যা থাকে, আপনি 311-এ ফোন করে স্পেশাল এডুকেশন কল সেন্টারে কথা বলার অনুরোধ জানাতে পারেন। স্পেশাল এডুকেশন কল সেন্টারের কর্মীরা সমস্যাটির সমাধানের জন্য আপনার সাথে কাজ করবেন।

কী করে অভিযোগ জানাতে হয়:

চ্যান্সেলর প্রথামাফিক অভিযোগ জমা দেয়ার জন্য নিচের প্রবিধানটি প্রতিষ্ঠিত করেছেন যাতে সুনির্দিষ্ট অভিযোগ ও আপিল প্রক্রিয়ার উল্লেখ আছে যা আপনি ব্যবহার করতে পারেন। এসব প্রবিধান অনলাইনে http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm ওয়েব সাইটে পাওয়া যাবে। এসব প্রবিধানের ছাপা কপি আপনার সন্তানের স্কুলে বা ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসে (ওফিয়া) পাওয়া যাবে।

- বাসস্থানের উপর ভিত্তি করে বদলির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-101
- শারীরিক শাস্তির বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-420
- প্রিন্সিপ্যাল বা সুপারিনটেনডেন্টের বহিষ্কারাদেশের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-443
- ইচ্ছাবিরুদ্ধ বদলির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-450
- প্রমোশন সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-501
- স্কুল লিডারশিপ টিম নির্বাচনের বিরুদ্ধে অভিযোগ ও আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-655
- প্যারেন্ট-অ্যাসোসিয়েশন ও প্রেসিডেন্টস্ কাউন্সিলের নির্বাচন, বিরোধ, পদক্ষেপ ও অবহেলার বিরুদ্ধে অভিযোগ ও আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-660
- অনুবাদ এবং/অথবা দোভাষী পরিষেবার অপর্যাপ্ততার বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-663
- প্রতিষেধক গ্রহণ থেকে বিরত রাখার আবেদন প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-701
- ৫০৪ ধারায় পরিকল্পনা তৈরি, সুপারিশ, মূল্যায়ন এবং/অথবা বাস্তবায়নে অভিযোগ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-710
- গৃহহীন বা সাময়িক আবাসে বসবাসরত শিক্ষার্থী ভর্তি সম্পর্কিত আপিল বিষয়ক চ্যান্সেলরের প্রবিধান A-780
- পরিবহন সুবিধা সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-801
- বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে খাবার পাওয়া সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-810
- সন্তানের রেকর্ডে অযথার্থ, বিভ্রান্তিকর তথ্য সংযোজন বা সন্তানের গোপনীয়তার অধিকার সংক্রান্ত নিয়ম ভঙ্গের বিরুদ্ধে আপিল বা এসব তথ্য সংশোধনের অনুরোধ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-820
- বৈষম্যকরণের বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান A-830
- তথ্য লাভের অধিকার আইন অনুযায়ী ডিওই-এর সংরক্ষিত তথ্য প্রদানে অস্বীকৃতির বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান D-110

- কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের সদস্য মনোনয়ন ও নির্বাচন বিষয়ক অভিযোগ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান D-140
- স্পেশাল এডুকেশন সংক্রান্ত সিটিভিত্তিক কাউন্সিলের সদস্য মনোনয়ন ও নির্বাচন বিষয়ক অভিযোগ সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান D-150
- হাই স্কুল সংক্রান্ত সিটিভিত্তিক কাউন্সিলের সদস্য মনোনয়ন ও নির্বাচন বিষয়ক অভিযোগের বিরুদ্ধে আপিল সংক্রান্ত চ্যান্সেলরের প্রবিধান D-160

যদি আপনার সমস্যাটি উপরোল্লিখিত চ্যান্সেলরের প্রবিধানের কোনটির দ্বারা নিষ্পত্তি করা সম্ভব না হয় কিংবা যদি আপনার অভিযোগটি নো চাইল্ড লেফট বিহাইন্ড আইনের আওতায় পরিচালিত ফেডারেল কর্মসূচির নিয়ম ভঙ্গের সাথে সম্পর্কিত হয়ে থাকে, আপনি নিচের প্রক্রিয়াসমূহ অনুসরণ করতে পারেন:*

স্কুল পর্যায়ে:

A. স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রশাসনিক অফিস থেকে একটি ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিসের (ওফিয়া) ইনটেক ফরম নিন।

B. আপনার অভিযোগ যদি আপনার সন্তানের স্কুলে যাওয়ার নিষেধাজ্ঞা সম্পর্কিত হয়ে থাকে কিংবা স্কুল উক্ত শিক্ষার্থীকে বহিষ্কার করার ক্ষেত্রে ডিপার্টমেন্ট অব এডুকেশনের প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসরণ না করা সম্পর্কিত হয়ে থাকে, আপনাকে অনতিবিলম্বে চ্যান্সেলর/ওফিয়া অফিসের সাথে **(212) 374-2323** নম্বরে যোগাযোগ করতে হবে। আপনি প্যারেন্ট কোঅর্ডিনেটরকে আপনার হয়ে কেন্দ্রীয় অফিসের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানাতে পারেন।

C. আপনি যদি বিশ্বাস করেন যে আপনার অভিযোগটি বিশেষ স্পর্শকাতর ধরনের, আপনি ওফিয়া রেফারেল ফরমটি সরাসরি সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেটের কাছে সংশ্লিষ্ট ওফিয়া অফিসে জমা দিন। ডিএফএ নিজে বিষয়টি নিষ্পত্তির উদ্যোগ নেবেন না কি এটি স্কুল পর্যায়ে নিষ্পত্তি করা হবে, ডিএফএ আপনাকে জানিয়ে দেবেন।

D. আপনার অভিযোগ যদি স্কুল থেকে কোন ছেলেমেয়েকে বহিষ্কারাদেশ সংক্রান্ত না হয় এবং যদি তা এমন কোন স্পর্শকাতর বিষয় সংক্রান্ত না হয়, আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর আপনার উদ্বেগ নিয়ে আলোচনার জন্য আপনার অভিযোগ পাওয়ার পর যথাশীঘ্র সম্ভব আপনার সাথে একটি বৈঠক ডাকবেন।

   প্যারেন্ট কোঅর্ডিনেটর কোন্ স্কুলকর্মী আপনার সমস্যা সমাধান করতে পারবেন, তা ঠিক করবেন এবং এ ব্যাপারে পরবর্তিতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন।

E. যদি নিশ্চিত হওয়া যায় যে স্কুল পর্যায়ে আপনার অভিযোগের মীমাংসা সম্ভব নয়, তাহলে প্যারেন্ট কোঅর্ডিনেটর অনতিবিলম্বে আপনার অভিযোগ ডিএঅএ-এর কাছে পাঠিয়ে দেবেন। প্যারেন্ট কোঅর্ডিনেটর আপনার অভিযোগ ডিএফএ-এর কাছে পাঠানো হয়েছে কি না, তা জানিয়ে দেবেন।

ডিস্ট্রিক্ট বা বরো পর্যায়ে:

আপনার অভিযোগ পাওয়ার পর সংশ্লিষ্ট কম্যুনিটি বা হাই স্কুল সুপারিনটেনডেন্ট, যেটি এক্ষেত্রে প্রযোজ্য, আপনার সাথে সমস্যা সম্পর্কে বা সমস্যা সমাধানের জন্য আপনার এবং অথবা স্কুলকমীদের গৃহীত ব্যবস্থা সম্পর্কে আপনার সাথে আলোচনার জন্য যোগাযোগ করবেন। এরপর ডিএফএ সমস্যাটি দূর করার জন্য কাজ করবেন। এই প্রক্রিয়ায় স্কুল, ডিস্ট্রিক্ট বা বরো পর্যায়ে যোগাযোগ করা হতে পারে।
যদি ডিএফএ আপনার অভিযোগটি নিষ্পত্তি করতে ব্যর্থ হন, তিনি আপনার অভিযোগটি বাড়তি পর্যালোচনার জন্য চ্যান্সেলরের অফিসে/ওফিয়া-তে প্রেরণ করবেন। আপনার অভিযোগটি পাঠানো হলো কি না, আপনাকে জানিয়ে দেয়া হবে।

---

* টাইটেল ১ এবং ২ এর পার্ট 'এ' এবং 'ডি', এবং টাইটেল ৪-এর পার্ট 'এ' কর্মসূচি পরিচালনায় নিয়ম ভঙ্গ করা সংক্রান্ত পিতামাতাদের অভিযোগের ক্ষেত্রে এসব প্রক্রিয়া প্রয়োগ করা হয়। কোন শিক্ষক, অন্য কোন আগ্রহী পক্ষ কিংবা প্রতিষ্ঠান, যারা এসব কর্মসূচি পরিচালনায় নিয়ম ভঙ্গের বিরুদ্ধে অভিযোগ করতে আগ্রহী, তারাও এসব প্রক্রিয়া প্রয়োগ করতে পারেন।

কেন্দ্রীয় পর্যায়ে:

আপনার অভিযোগ চ্যান্সেলরের অফিসে/ওফিয়া-তে প্রেরণ করার পর সমস্যাটি সমাধানের জন্য সেন্ট্রাল কর্মকর্তারা নিষ্পত্তির জন্য আপনার সাথে কাজ করবেন এবং এর ফল সম্পর্কে আপনাকে অবহিত করবেন।

<u>সময়সীমা:</u>

ডিওই কর্মকর্তা যাতে আপনার অভিযোগ সময়মতো নিষ্পত্তি করতে পারেন, সেজন্য আপনার অভিযোগ অবশ্যই সংশ্লিষ্ট স্কুল, ডিস্ট্রিক্ট, বরো এবং/অথবা কেন্দ্রীয় অফিসে যথাশীঘ্র সম্ভব জমা দিতে হবে। আপনার সমস্যার প্রতি নজর দেয়া বা নিষ্পত্তির সময়সীমা ৩০ ক্যালেন্ডার দিবস অতিক্রম করবে না, যদি না স্কুল, ডিস্ট্রিক্ট, বরো বা সেন্ট্রাল কর্মীগণ আরও সময় লাগবে বলে নিশ্চিত করেন।

আপনার অভিযোগ যদি আপনার সন্তানের স্কুলে যাওয়ার নিষেধাজ্ঞা সম্পর্কিত হয়ে থাকে (উপরে দেখুন), বিষয়টি এমনভাবে নিষ্পত্তি করা হবে যাতে নিশ্চিত করা যায় যে, সে অনতিবিলম্বে স্কুলে যেতে পারবে।

অভিযোগ সমাধান প্রক্রিয়ার কোন অবস্থায় যদি স্কুল, ডিস্ট্রিক্ট, বরো বা কেন্দ্রীয় পর্যায়ের কর্মকর্তা নিশ্চিত হন যে অভিযোগের পূর্ণ তদন্ত বা নিষ্পত্তির পূর্ব পর্যন্ত আপনার সন্তান উল্লেখযোগ্যভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে, তাহলে আপনার সন্তানকে সহায়তা দেয়ার জন্য চ্যান্সলের অফিস/ওফিয়া যথাবিহিত পদক্ষেপের সুপারিশ এবং আপনার উদ্বেগ নিষ্পত্তি করতে পারে।

<u>আপিল:</u>

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের টাইটেল ১ সংক্রান্ত অনিয়মের বিরুদ্ধে অভিযোগ নিষ্পত্তি ও আপিল পর্যালোচনার জন্য নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের লিখিত অভিযোগ ও আপিল প্রক্রিয়া শুধু ইংরেজি ভাষাতে নিচের ওয়েব সাইটে পাওয়া যাবে:
http://www.emsc.nysed.gov/nyc/ComplaintProcedures.shtml

<u>নথি-সংরক্ষণ:</u>

পূরণকৃত অভিযোগ গ্রহণ-ফরম (ইনটেক ফরম) ওফিয়া সংরক্ষণ করবে।